JAN. 04 2001

তারিখ ...

পৃষ্ঠা ৪ ... কলাম ৩ ...

# বেসরকারি শিক্ষকদের দুর্ভোগ কমেনি

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা অন্য চাকরিজীবীদের মতো উৎসব বোনাস পান না। কোনও কোনও ক্ষেত্রে যে অবসর ভাতার প্রচলন রয়েছে, এ ক্ষেত্রে তাও নেই। সব কিছুই নির্ভর করে বেতনের উপর। সে বেতনও খুব কম। তাছাড়া তা সময়মতো পাওয়া যায় না। এক মাসের বেতন পেতে অনেক সময় তিন মাস পর্যন্ত লেগে যায়। এদিকে কল্যাণের কথা বলে কল্যাণ ট্রাস্ট করা হয়েছে। ট্রাস্টের নামে বেতন কাটা হচ্ছে। কিন্তু প্রয়োজনে ট্রাস্ট থেকে সাহায্য দানের প্রথা চালু হয়নি। এই প্রসঙ্গে আরও একটা কথা উল্লেখ করতে হয়। সরকার বেসরকারি শিক্ষকদের বেতনের ৮০ শতাংশ দিচ্ছিলেন। শিক্ষকরা দাবি করছিলেন একশ'ভাগ। শেষে সরকার ৯০% দিতে সম্মত হয়। এই বর্ধিত হার গত জুলাই মাস থেকে কার্যকর হওয়ার কথা। এ ব্যাপারেও কোনও শুভ লক্ষণ দেখা যাচ্ছে না।

মো. আ. হালিম, কচুয়া পাবলিক স্কুল ও কলেজ, সখীপুর, টাংগাইল